গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
প্রশাসন-২ অধিশাখা

জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির নভেম্বর/২০২২ পর্যন্ত অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী।

সভাপতি	মোঃ আ: খালেক মল্লিক অতিরিক্ত সচিব (প্রশাসন) ও এপিএ টিম লিডার, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
সভার তারিখ	২৭-১২-২০২২
সভার সময়	বেলা-০২.৩০ ঘটিকা
স্থান	অনলাইন জুম প্ল্যাটফর্ম
উপস্থিতি	রেকর্ডেড

২.০ আলোচনা:

২.১। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে এপিএ টিমের সদস্য-সচিব ও যুগ্মসচিব (প্রশাসন-২ অধিশাখা) মোহাম্মদ ফারুক হোসেন সভার কার্যপত্র উপস্থাপন করেন। সভায় গত ২৪-১১-২০২২ তারিখে অনুষ্ঠিত এপিএ পর্যালোচনা সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হয়। সভায় জানানো হয় যে, নভেম্বর/২০২২ পর্যন্ত উৎপাদিত গ্যাস (আইওসি) ও উৎপাদিত গ্যাস (জাতীয় কোম্পানি) এর উৎপাদন যথাক্রমে ২১৮.২৫২ বিসিএফ ও ১২৮.৭৫ বিসিএফ। এ দুটি সূচকের লক্ষ্যমাত্রা বাস্তবায়নে আপাততঃ কোন চ্যালেঞ্জ নেই। তেল/গ্যাসের উন্নয়ন/ওয়ার্কওভার কূপ খননের লক্ষ্যমাত্রা ৪টির বিপরীতে নভেম্বর/২২ পর্যন্ত ৩টি যথাক্রমে জালালাবাদ-৪, সেমুতাং-৫ ও বিয়ানীবাজার-১ কূপ খনন সম্পন্ন হয়েছে। ব্যবস্থাপনা পরিচালক, এসজিএফএল জানান যে, কৈলাশটিলা-২, রশিদপুর-২, রশিদপুর-৫ এবং সিলেট-৭ কূপ খননের কার্যক্রম গ্রহণ করা হয়েছে এবং কার্যক্রম চলমান রয়েছে। এ বিভাগের যুগ্মসচিব (পরিকল্পনা) বলেন যে, ভোলা নর্থ-২ উন্নয়ন কূপ খননের অগ্রগতি সন্তোষজনক রয়েছে। তাই এ কূপটি এপিএ'র লক্ষ্যমাত্রায় অন্তর্ভুক্ত করা যায়। সভাপতি ভোলা নর্থ-২ উন্নয়ন কূপটি এপিএ'র লক্ষ্যমাত্রায় অন্তর্ভুক্ত করে কূপ খননের অগ্রগতি আগামী সভার পূর্বে এ বিভাগে প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করেন।

২.২। সভায় জানানো হয় যে, নভেম্বর/২২ পর্যন্ত কয়লা আহরণের পরিমাণ ২.২১২১৯ লক্ষ মে.টন, পেট্রোলিয়াম প্রোডাক্টসের উৎপাদনের পরিমাণ ১৫৪.০৪৭ মিলিয়ন লিটার ও আমদানিকৃত এলএনজির পরিমাণ ১৪.১৯ লক্ষ মেট্রিক টন, যা লক্ষ্যমাত্রা অনুযায়ী অগ্রগতি সন্তোষজনক। ব্যবস্থাপনা পরিচালক, বাপেক্স জানান যে, ১০০০ লা.কি.মি এর মধ্যে এ পর্যন্ত ৪০০ লা. কি.মি ২-ডি সিসমিক জরিপ সম্পন্ন হয়েছে। আগামী ফেব্রুয়ারি/২৩ মাসের মধ্যে অবশিষ্ট সিসমিক জরিপ কাজ সম্পন্ন হবে। ব্যবস্থাপনা পরিচালক, এসজিএফএল জানান যে, লক্ষ্যমাত্রার বিপরীতে ৩-ডি সিসমিক জরিপ কার্যক্রম ইতোমধ্যে সম্পন্ন হয়েছে। পেট্রোবাংলার ফোকাল পয়েন্ট বলেন যে, ৩-ডি সিসমিক জরিপ কার্যক্রমের সার্ভে অংশটুকু সম্পন্ন হয়েছে। কিন্তু ৩-ডি সিসমিক জরিপের ইন্টারপ্রিটেশন অংশটুকু এখানো সম্পন্ন না হওয়ায় অর্জন শূন্য রয়েছে। সভাপতি ৩-ডি সিসমিক জরিপ কার্যক্রমের অগ্রগতি প্রতিবেদন প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করেন। ব্যবস্থাপনা পরিচালক, বাপেক্স জানান যে, শরীয়তপুর-১ অনুসন্ধান কূপের এ পর্যন্ত ১১০০ মিটার খনন সম্পন্ন হয়েছে। আগামী মার্চ/২০২৩ এর মধ্যে কূপটির খনন কার্যক্রম সম্পন্ন হবে। সভাপতি কূপটি কত মিটার খনন করা হবে এবং এর বিপরীতে সর্বশেষ কত মিটার খনন করা হয়েছে তার সুনির্দিষ্ট তথ্য আগামী সভার পূর্বে এ বিভাগে প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করেন।

২.৩। জিএসবি'র প্রতিনিধি জানান যে, ভূতাত্ত্বিক ও ভূপ্রাকৃতিক মানচিত্রায়ন এ পর্যন্ত ৯৭৮ বর্গ কি. মি. সম্পন্ন হয়েছে। ব্যবস্থাপনা পরিচালক, এমজিএমসিএল বলেন যে, মধ্যপাড়া পাথর খনিতে গত মাসের ১৩ তারিখ হতে উৎপাদন শুরু হয়েছে। এ পর্যন্ত কঠিন শিলা বিপণন লক্ষ্যমাত্রার বিপরীতে ২৭% হয়েছে। লক্ষ্যমাত্রা অনুযায়ী সূচকটির অগ্রগতি সন্তোষজনক না হওয়ায়

সূচকটি বাস্তবায়নে বিশেষ উদ্যোগ ও ক্লোজ মনিটরিং করার জন্য সভায় গুরুত্বারোপ করা হয়। বিপিসির ফোকাল পয়েন্ট জানান যে, গভীর সাগর থেকে পাইপলাইন আমদানিকৃত তেল খালাসের জন্য ট্যাঙ্ক ফার্ম নির্মাণ লক্ষ্যমাত্রা ৬টির বিপরীতে ইতোমধ্যে ৩টি সম্পন্ন হয়েছে। অপর ৩টি ট্যাঙ্ক ফার্ম নির্মাণ নির্ধারিত সময়ে সম্পন্ন হবে। বিপিসি'র প্রতিনিধি জানান যে, চট্টগ্রাম হতে ঢাকা পর্যন্ত পাইপলাইন নির্মাণ এ পর্যন্ত ২.৩০ কি.মি. সম্পন্ন হয়েছে, ফলে লক্ষ্যমাত্রার শতভাগ অর্জিত হয়েছে। সভাপতি এ বিভাগের এপিএ সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনাপূর্বক সূচকটির প্রমাণক প্রস্তুতের জন্য নির্দেশনা প্রদান করেন। ব্যবস্থাপনা পরিচালক, বিজিএফসিএল জানান যে, ৭টি ওয়েলহেড গ্যাস কম্প্রেসর স্থাপনের ৮৫% কার্যক্রম এ পর্যন্ত সম্পন্ন হয়েছে। ব্যবস্থাপনা পরিচালক, বিসিএমসিএল জানান যে, আলীহাট আয়রন ফিল্ডের প্রি-ফিজিবিলিটি স্টাডির ড্রাফট ইন্টারিম রিপোর্ট প্রণয়নের লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম চলমান রয়েছে। সভাপতি আলীহাট আয়রন ফিল্ডের প্রি-ফিজিবিলিটি স্টাডির ড্রাফট ইন্টারিম রিপোর্ট প্রণয়নের অগ্রগতি প্রতিবেদন আগামী সভার পূর্বে এ বিভাগে প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করেন।

২.৪। এ বিভাগের উপসচিব (উন্নয়ন-৩) জানান যে, Integrated Power and Energy Master Plan (IPEMP) এর খসড়া প্রণয়নের লক্ষ্যে এনার্জি অংশটুকু পর্যালোচনা করার জন্য এ বিভাগের অতিরিক্ত সচিব (পরিকল্পনা)-কে আহ্বায়ক করে দপ্তর/সংস্থা/কোম্পানীর প্রতিনিধির সমন্বয়ে ১৯ সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়েছে। সভাপতি আগামী সভায় এ বিষয়ে পরবর্তী অগ্রগতি উপস্থাপনের নির্দেশনা প্রদান করেন। সভায় জানানো হয় যে, বিকল্প জ্বালানি ব্যবস্থাপনা নিয়ে সংশ্লিষ্ট স্টেকহোল্ডারদের সাথে ইতোমধ্যে ১টি সেমিনার অনুষ্ঠিত হয়েছে। আগামী জানুয়ারি/২৩ মাসে অপর একটি সেমিনার অনুষ্ঠিত হবে। সভায় ২০২২-২৩ অর্থবছরের ৯টি মনিটরিং কমিটির রিপোর্ট পর্যালোচনা করা হয়। পর্যালোচনায় মাসিক ভিত্তিতে গ্যাস উৎপাদন মনিটরিং কমিটির নভেম্বর/২২, জ্বালানি অনুসন্ধান কাজ মনিটরিং কমিটির নভেম্বর/২২, অপরিশোধিত তেল আমদানি কাজ মনিটরিং কমিটির অক্টোবর/২২ ও নভেম্বর/২২ এবং পেট্রোলিয়াম পণ্য বিপণন কাজ মনিটরিং কমিটির নভেম্বর/২২ মাসের প্রতিবেদন পাওয়া যায়নি। সভাপতি এ প্রতিবেদনসমূহ দ্রুত দাখিলের জন্য কমিটির সদস্য-সচিবদের নির্দেশনা প্রদান করেন।

২.৫। সভায় আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যের অন্তর্ভুক্ত ৫টি কর্মপরিকল্পনার অগ্রগতির বিষয়ে পর্যালোচনা করা হয়। যুগ্মসচিব (প্রশাসন-২) জানান যে, প্রকল্পের PSC ও PIC সভা নির্ধারিত লক্ষ্যমাত্রা অনুযায়ী আয়োজনের লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা প্রয়োজন। সভাপতি প্রকল্পের PSC ও PIC সভা ডিপিপি অনুযায়ী নিয়মিতভাবে আয়োজনের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করেন। যুগ্মসচিব (প্রশাসন-২) আরো উল্লেখ করেন যে, ডিসেম্বর/২২ মাসের সমন্বয় সভায় সিনিয়র সচিব মহোদয় স্পষ্টভাবে নির্দেশনা দিয়েছেন যে, কোন সূচকের অর্জন কোন কর্মকর্তার কারণে না হলে তার জন্য ঐ কর্মকর্তাকে দায়ী করা হবে। তিনি আরো বলেন যে, মন্ত্রিপরিষদ বিভাগের সাথে স্বাক্ষরিত চুক্তি বাস্তবায়নের পাশাপাশি দপ্তর/সংস্থার সাথে তাদের আওতাধীন অফিসের স্বাক্ষরিত চুক্তি বাস্তবায়নের দিকে বিশেষ নজর দিতে হবে নতুবা এপিএ'র উদ্দেশ্যে ব্যাহত হবে। আওতাধীন অফিসের এপিএ'র অর্জন সন্তোষজনক না হলে দপ্তর/সংস্থার এপিএ মূল্যায়নে তার প্রভাব পড়বে মর্মে তিনি মতামত ব্যক্ত করেন। সভাপতি এ বিষয়ে একমত পোষণ করেন এবং দপ্তর/সংস্থার সাথে আওতাধীন অফিসের স্বাক্ষরিত এপিএ চুক্তি যথাযথভাবে বাস্তবায়ন অগ্রগতি মনিটরিং করার জন্য গুরুত্বারোপ করেন। এ বিভাগের প্রোগ্রামার বলেন যে, আগামী ১৫ জানুয়ারি/২০২৩ এর মধ্যে ২য় ত্রৈমাসিক অগ্রগতি দাখিল ও ৩০ জানুয়ারি/২০২৩ এর মধ্যে আওতাধীন অফিসের অর্ধবার্ষিক ফলাবর্তক প্রদানের নির্দেশনা রয়েছে। সে মোতাবেক প্রয়োজনীয় কার্যক্রম সম্পন্ন করার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। সভাপতি এপিএ'র অগ্রগতি অধিকতর পর্যালোচনা/মনিটরিং করার জন্য দপ্তর/সংস্থা/কোম্পানীর স্ব-স্ব সমন্বয় সভায় এজেন্ডাভুক্ত করার নির্দেশনা প্রদান করেন।

৩। সভায় বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রমিক	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
৩.১	ভোলা নর্থ-২ উন্নয়ন কূপ খননের অগ্রগতি আগামী সভার পূর্বে এ বিভাগে প্রেরণ করতে হবে।	পেট্রোবাংলা/বাপেক্স
৩.২	৩-ডি সিসমিক জরিপ কার্যক্রমের অগ্রগতি প্রতিবেদন আগামী সভার পূর্বে এ বিভাগে প্রেরণ করতে হবে।	পেট্রোবাংলা/ এসজিএফএল

৩.৩	শরীয়তপুর-১ অনুসন্ধান কূপটি কত মিটার খনন করা হবে এবং এর বিপরীতে সর্বশেষ কত মিটার খনন করা হয়েছে তার সুনির্দিষ্ট তথ্য আগামী সভার পূর্বে এ বিভাগে প্রেরণ করতে হবে।	পেট্রোবাংলা/বাপেক্স
৩.৪	কঠিন শিলা বিপণনের লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে বিশেষ উদ্যোগ ও ক্লোজ মনিটরিং করতে হবে।	পেট্রোবাংলা/ এমজিএমসিএল
৩.৫	চট্টগ্রাম হতে ঢাকা পর্যন্ত পাইপলাইন নির্মাণ সংক্রান্ত সূচকটির প্রমাণক জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের এপিএ সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনাপূর্বক প্রস্তুত করতে হবে।	বিপিসি/এমপিএল/ এপিএ টিম
৩.৬	আলীহাট আয়রন ফিল্ডের প্রি-ফিজিবিলিটি স্টাডির ড্রাফট ইন্টারিম রিপোর্ট প্রণয়নের অগ্রগতি প্রতিবেদন আগামী সভার পূর্বে এ বিভাগে প্রেরণ করতে হবে।	পেট্রোবাংলা/ বিসিএমসিএল
৩.৭	Integrated Power and Energy Master Plan (IPEMP) এর খসড়া প্রণয়নের লক্ষ্যে গঠিত কমিটির কার্যক্রমের অগ্রগতি আগামী সভায় উপস্থাপন করতে হবে।	এপিএ টিম/ উন্নয়ন-১/উন্নয়ন-৩
৩.৮	প্রকল্পের PSC ও PIC সভা নিয়মিতভাবে আয়োজন করতে হবে।	দপ্তর/সংস্থা/কোম্পানী
৩.৯	মন্ত্রিপরিষদ বিভাগের সাথে স্বাক্ষরিত চুক্তি বাস্তবায়নের পাশাপাশি দপ্তর/সংস্থার সাথে তাদের আওতাধীন অফিসের স্বাক্ষরিত চুক্তি বাস্তবায়নের দিকে বিশেষ নজর দিতে হবে। আওতাধীন অফিসের এপিএ'র অর্জন সন্তোষজনক না হলে দপ্তর/সংস্থার এপিএ মূল্যায়নে তার প্রভাব পড়বে।	এপিএ টিম/ দপ্তর/সংস্থা/কোম্পানী
৩.১০	আগামী ১৫ জানুয়ারি/২০২৩ এর মধ্যে ২য় ত্রৈমাসিক অগ্রগতি দাখিল ও ৩০ জানুয়ারি/২০২৩ এর মধ্যে আওতাধীন অফিসের অর্ধবার্ষিক ফলাবর্তক প্রদান করতে হবে।	এপিএ টিম/ দপ্তর/সংস্থা/কোম্পানী
৩.১১	এপিএ'র অগ্রগতি অধিকতর পর্যালোচনা/মনিটরিং করার জন্য দপ্তর/সংস্থা/কোম্পানীর স্ব-স্ব সমন্বয় সভায় এজেন্ডাভুক্ত করতে হবে।	দপ্তর/সংস্থা/কোম্পানী

৪। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোঃ আ: খালেক মল্লিক
অতিরিক্ত সচিব (প্রশাসন) ও এপিএ টিম
লিডার, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

স্মারক নম্বর: ২৮.০০.০০০০.০২১.৪৫.০০১.২২.১৬

তারিখ: ২১ পৌষ ১৪২৯
০৫ জানুয়ারি ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) চেয়ারম্যান, চেয়ারম্যান-এর দপ্তর, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন
২) চেয়ারম্যান, বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)
৩) সকল কর্মকর্তা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
৪) এপিএ টিম, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
৫) মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)
৬) মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), হাইড্রোকার্বন ইউনিট
৭) মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
৮) প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ, প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ এর কার্যালয়, বিস্ফোরক পরিদপ্তর
৯) মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর

১০) ব্যবস্থাপনা পরিচালক (সকল), পেট্রোবাংলা ও বিপিসি'র আওতাধীন কোম্পানীসমূহ

১১) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

১২) প্রোগ্রামার, আইসিটি শাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

মোহাম্মদ ফারুক হোসেন
যুগ্মসচিব